গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

বিষয় : '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' উদযাপন উপলক্ষে ১৯-০৯-২০১৮ তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি: | আবু হেনা মো: রহমাতুল মুনিম<br>সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| সভার তারিখ: | ১৯-০৯-২০১৮ খ্রি. |
| সময় ও স্থান: | বিকাল ০৩.০০ টা কক্ষ-১২১, ভবন-০৬<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জানান, সরকারের গৃহীত কার্যক্রম, শেখ হাসিনা ব্রান্ডিং এর জন্য 'শেখ হাসিনা বিশেষ উদ্যোগ' সম্পর্কে জনগণের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারের ভবিষ্যত কর্মপরিকল্পনা, এসডিজি অর্জনে সরকারের সাফল্য প্রচার ও এসডিজি কার্যক্রমে জনগণকে উদ্বুদ্ধকরণ, 'জনগণের দোরগোড়ায় সেবা' কার্যক্রম প্রভৃতি বিষয়সমূহ সামনে রেখে আগামী ৪-৬ অক্টোবর ২০১৮ তারিখ দেশব্যাপী '৪র্থ জাতীয় উন্নয়ন মেলা' আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত মেলা সকল মন্ত্রণালয়/বিভাগসহ সকল সরকারি অফিসের অংশগ্রহণে জেলা ও উপজেলা পর্যায়ে আয়োজন করা হবে। মেলায় এ বিভাগের অর্জিত সাফল্য এবং আগামীর পরিকল্পনা সঠিকভাবে জনগণের সামনে তুলে ধরা এবং এ লক্ষ্যে কর্মপরিকল্পনা নির্ধারণের জন্য আজকের সভা অনুষ্ঠিত হয়।

০২। দেশের সার্বিক আর্থ-সামজিক উন্নয়নে জ্বালানি খাতের গুরুত্ব অপরিসীম। বর্তমান সরকার বিগত ও বর্তমান মেয়াদে জ্বালানি খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করে গ্যাসের চাহিদা ও যোগানের সমন্বয় সাধনের জন্য গ্যাসের অনুসন্ধান, উত্তোলন, সঞ্চালন এবং বিতরণে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করে। বহুমুখী ও কার্যকর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করার কারণেই দৈনিক প্রায় ২৭৫০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদন করা সম্ভব হচ্ছে। গ্যাসের মজুদ বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম আরো জোরদার করার জন্য নানাবিধ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিরবচ্ছিন্ন ও নিরাপদ জ্বালানি ব্যবস্থার উন্নয়নে গৃহীত কার্যক্রমসমূহ জনগণের সামনে সঠিকভাবে প্রদর্শনের জন্য এই মেলা একটি অন্যতম প্লাটফর্ম। এই মেলায় জ্বালানি খাতের উল্লেখযোগ্য অর্জনসমূহ জনগণের সামনে সঠিকভাবে উপস্থাপন করা প্রয়োজন।

০৩। সভার শুরুতে মেলায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্ট শ্লোগান নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। এ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানি কর্তৃক মেলায় শ্লোগান নির্ধারণের জন্য নির্দেশনা দেয়া হয়। সভায় উপস্থাপিত/দপ্তর/সংস্থা কোম্পানি কর্তৃক প্রস্তুতকৃত শ্লোগান উপসচিব (প্রশাসন-১) এর নিকট প্রদান করা হয়। উক্ত শ্লোগানসমূহ হতে মেলা পরিচালনা সংক্রান্ত এ বিভাগের কেন্দ্রীয় কমিটি যথাযথ শ্লোগানসমূহ বাছাই করবে।

০৪। সভায় মেলা আয়োজন ও সার্বিক সমন্বয়ের জন্য একটি কেন্দ্রীয় কমিটি প্রয়োজন মর্মে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। এজন্য তিনি ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা সুষ্ঠু ও সুচারুরূপে আয়োজনের লক্ষ্যে এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে একটি কেন্দ্রীয় কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় প্রস্তাব করেন।

০৫। মেলায় এ বিভাগ সংশ্লিষ্ট স্টলসমূহে On the Spot সেবার ব্যবস্থা রাখার বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। স্টলে জনগণের জন্য তাৎক্ষণিক সেবা প্রদানের বিষয়টি বিশেষত ডিস্ট্রিবিউশন কোম্পানিসমূহ তাদের On the Spot সেবাসমূহ প্রদর্শন/প্রদান করবে। উক্ত সেবার মাধ্যমে গ্যাস ব্যবহারে অপচয় রোধকল্পে জনসাধারণকে সচেতন করার বিষয়ে প্রচারণা, অনলাইন গ্যাস বিলিং এর জন্য গ্রাহকের রেজিস্ট্রেশন সম্পাদন, গ্যাস বিল বই ইস্যু ও বিতরণ, গ্রাহকগণকে গ্যাস বিল প্রত্যয়নপত্র প্রদান, G-Pay এর মাধ্যমে গ্যাস বিল গ্রহণের ব্যবস্থা, রাইজারে লিকেজ হলে মেরামতের ব্যবস্থা, গ্যাস সংযোগ আবেদন ফরম বিতরণ ও ব্রিফিং, গ্রাহকের অভিযোগ গ্রহণ ও তাৎক্ষণিক সেবাসহ প্রভৃতি সেবা প্রদান করা যেতে পারে।

চলমান পাতা-২

০৬। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহসহ কল-কারখানায় উন্নয়নের চাকা সচল রাখার জন্য জ্বালানি বিভাগ অব্যাহত প্রয়াসের মাধ্যমে সরবরাহ তথা জ্বালানি নিরাপত্তায় কাজ করছে। এজন্য বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করা হয়েছে এবং কিছু বাস্তবায়নাধীন রয়েছে। এ বিভাগের উন্নয়ন কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করে লিফলেট তৈরি করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। একইসঙ্গে উন্নয়ন কার্যক্রমসূহের উপর ভিডিও ক্লিপ প্রস্তুত করে মেলার স্টলসমূহে প্রদর্শন করতে হবে।

০৭। সভায় এ মেলাতে অংশগ্রহণের প্রস্তুতিকর্ম এবং মেলা চলাকালীন স্টলসমূহের জেলাওয়ারী পারফরমেন্স পর্যবেক্ষণ করা প্রয়োজন মর্মে আলোচনা হয়। এজন্য ৮টি বিভাগে ৮জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১. | ৪র্থ জাতীয় উন্নয়ন মেলা সুষ্ঠু ও সুচারুরূপে আয়োজনের লক্ষ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে একটি কেন্দ্রীয় কমিটি গঠন করতে হবে। কমিটি সকল কার্যক্রম মনিটরিং ও সমন্বয় করবে; | প্রশাসন অনুবিভাগ |
| ২. | কোন্ প্রতিষ্ঠান জেলা/উপজেলা কোন্ পর্যায়ে অংশগ্রহণ করবে তার তালিকা এ বিভাগে প্রেরণ করবে; | সকল দপ্তর/সংস্থা |
| ৩. | এ বিভাগের সকল কার্যক্রম সংবলিত একটি ভিডিও ক্লিপ প্রস্তুত করতে হবে; | প্রশাসন-১ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ৪. | ঢাকায় কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় এ বিভাগের জন্য পর্যাপ্ত স্পেসসহ স্টল বরাদ্দ গ্রহণ ও অংশগ্রহণের জন্য যথাযথ প্রস্তুতির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে; | প্রশাসন অনুবিভাগ |
| ৫. | মেলার জন্য এ বিভাগ হতে সময়োপযোগী এবং জনপ্রিয় শ্লোগান নির্ধারণ করতে হবে। মেলা আয়োজনের কেন্দ্রীয় কমিটি শ্লোগান বাছাই করবে; | কেন্দ্রীয় কমিটি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৬. | এ বিভাগের উল্লেখযোগ্য অর্জনসমূহের উপর ভিত্তি করে একটি ব্রশিউর তৈরি করতে হবে; | যুগ্মসচিব (উন্নয়ন) |
| ৭. | মেলায় On the Spot সেবা প্রদর্শন/প্রদানের ব্যবস্থা করতে হবে, এজন্য সংশ্লিষ্ট কোম্পানি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে; | সংশ্লিষ্ট কোম্পানি/সংস্থা |
| ৮. | এ বিভাগের উন্নয়ন কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করে লিফলেট তৈরি করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে; | পরিকল্পনা অনুবিভাগ |
| ৯. | মেলার স্টলসমূহে ভিডিও ক্লিপ প্রদর্শনের মাধ্যমে এ বিভাগের উন্নয়ন সংশ্লিষ্ট কার্যক্রম জনগণের সামনে তুলে ধরতে হবে; | প্রশাসন-১ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ১০. | মেলাতে অংশগ্রহণের প্রস্তুতিকর্ম এবং স্টলসমূহের জেলাওয়ারী পারফরমেন্স পর্যবেক্ষণের জন্য ৮টি বিভাগে ৮জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। | প্রশাসন-১ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৫-০৯-২০১৮
(আবু হেনা মো: রহমাতুল মুনিম)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০২০.৯৯.০৯৬.১৮. ১৮০৭

তারিখ : ১০ আশ্বিন ১৪২৫ / ২৫ সেপ্টেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
২. চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
৩. অতিরিক্ত সচিব, ব্লু ইকোনমি সেল, পেট্রোসেন্টার, কাওরান বাজার, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য